গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়
প্রতিরক্ষা মন্ত্রণালয়
১৯৮, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬

বিজ্ঞপ্তি নম্বর ২৩.১৭.০০০০.০০১.০৪.০৩৩.১৬. ২২৮২ তারিখ: ০৯ নভেম্বর, ২০১৭।

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সাংগঠনিক কাঠামোভুক্ত প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের প্রশাসনিক আওতাধীন নিম্নবর্ণিত বেসামরিক শূন্য পদসমূহ সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নম্বর | পদনাম ও বেতনস্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ১ | সহকারী পরিচালক<br>২২০০০-৫৩০৬০/-<br>(জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | ১০টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী (সিজিপিএ এর ক্ষেত্রে ৫.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম ৩.৭৫ সিজিপিএ এবং ৪.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম ৩.০০ সিজিপিএ), বা<br><br>(খ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী (সিজিপিএ এর ক্ষেত্রে ৫.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম ২.৮১৩ সিজিপিএ এবং ৪.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম ২.২৫ সিজিপিএ), অথবা<br><br>(গ) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী (সিজিপিএ এর ক্ষেত্রে ৫.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম ২.৮১৩ সিজিপিএ এবং ৪.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম ২.২৫ সিজিপিএ)। | সকল জেলা |
| ২ | উপ সহকারী পরিচালক<br>১৬০০০-৩৮৬৪০/-<br>(জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | ১৬টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী। (সিজিপিএ এর ক্ষেত্রে ৫.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম ২.৮১৩ সিজিপিএ এবং ৪.০০ পয়েন্ট স্কেলে ন্যূনতম ২.২৫ সিজিপিএ)। | সকল জেলা |

আবেদনপত্র পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয় :

১. একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না;

২. সকল পদের ক্ষেত্রে প্রার্থীর বয়সসীমা ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখে ১৮ থেকে ৩০ বছর হতে হবে। তবে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিল যোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যার জন্য বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৩. বিভাগীয় প্রার্থী কর্তৃক আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে, বিভাগীয় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট থেকে অনাপত্তিপত্র গ্রহণ করতে হবে এবং উক্ত অনাপত্তি পত্রের মূলকপি মৌখিক পরীক্ষা গ্রহণকালে প্রদর্শন করতে হবে;

৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান অনুসরণ করা হবে;

৫. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

৬. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলি:**

সত্যায়িত

ক. আগ্রহী প্রার্থীকে **Online**-এ আবেদন করতে হবে। সে লক্ষ্যে http://cao.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে সংশ্লিষ্ট নির্দেশনা অনুসারে **Online-এ আবেদনপত্র পূরণ করতে হবে**। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(১) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১২ নভেম্বর ২০১৭ সকাল ১০:০০ টা;**

(২) Online-এ আবেদনপত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: **০৭ ডিসেম্বর ২০১৭ সন্ধ্যা ৬.০০ টা।**

মোঃ আবু বকর ছিদ্দিক
যুগ্ম-সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য৩০০×প্রস্থ৮০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য৩০০×প্রস্থ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন;

গ. যেহেতু Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কেও প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন;**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন;

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। পরীক্ষার ফি বাবদ সহকারী পরিচালক পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকা এবং উপ সহকারী পরিচালক পদের ক্ষেত্রে ৩০০/- (তিনশত) টাকা জমা করতে হবে। **বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না";**

প্রথম SMS: CAO<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: CAO<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে। দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি SMS-এর Password পাবেন। এই Password টি Admit Card (প্রবেশপত্র) Download-এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cao.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;**

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়, ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙিন) করার মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন। **Admit Card (প্রবেশপত্র) Download এর তারিখ পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে;**

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন;

(১) User ID জানা থাকলে CAO<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: CAO Help User ABCDEF & send to 16222

(২) PIN Number জানা থাকলে: CAO<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: CAO Help PIN 12345678 & send to 16222.

ঝ. নিয়োগ বিজ্ঞপ্তি, Online-এ আবেদনপত্র পূরণের নিয়মাবলী, SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি ওয়েবসাইট www.dcd.gov.bd এ পাওয়া যাবে।

৭. **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূঁয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতাও কর্তৃপক্ষ সংরক্ষণ করে;

খ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৮. বিবিধ:

ক. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.dcd.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে;

খ. পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

সত্যায়িত

( ইলিয়াস হোসেন মোল্লা )
মহাপরিচালক
প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়
প্রতিরক্ষা মন্ত্রণালয়

মোঃ আবু বকর ছিদ্দিক
যুগ্ম-সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



F:\Latast\Recruitment 2017 Officer\Advertisement\Advertisement 29-10-17 (DAD & AD)-MOD Correction.doc